106

তারিখ 08 JAN 1996
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

দৈনিক ইত্তেফাক

# ডিগ্রী পরীক্ষার তারিখ পরিবর্তন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ (সোমবার) ও আগামীকাল (মঙ্গলবার) অনুষ্ঠিতব্য ১৯৯৫ সালের ডিগ্রী পরীক্ষার তারিখ হরতালের কারণে পরিবর্তন করা হইয়াছে। পরিবর্তিত সময়সূচী

(শেষ পৃ: ৩-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষা

( ১ম পৃঃ পর )

অনুযায়ী অদ্যকার পরীক্ষাসমূহ ৩রা ফেব্রুয়ারী এবং আগামী-কালের পরীক্ষা সমূহ ৫ই ফেব্রুয়ারী অনুষ্ঠিত হইবে। ইহাছাড়া আজ (সোমবার) অনুষ্ঠিতব্য ১৯৯৪ সালের অনার্স পার্ট-১, পার্ট-২, পার্ট-৩ এবং প্রথম বর্ষ, দ্বিতীয় বর্ষ ও তৃতীয় বর্ষ অনার্স শ্রেণীর পরীক্ষাসমূহ হরতালের কারণে ২রা এপ্রিল অনুষ্ঠিত হইবে। পরীক্ষার অন্যান্য সময়সূচী অপরিবর্তিত থাকিবে।

### ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ (সোমবার) ও আগামীকাল (মঙ্গলবার) অনুষ্ঠিতব্য সনাতন পদ্ধতির কয়েকটি পরীক্ষার তারিখ হরতালের কারণে পরিবর্তন করা হইয়াছে।

পরিবর্তিত সময়সূচী অনুযায়ী ১৯৯২ সালের শেষ পর্ব মাষ্টার্স অর্থনীতি ও ভূগোল বিষয়ের নবম পত্রের পরীক্ষা ১লা ফেব্রুয়ারী, দর্শন বিষয়ের পঞ্চদশ পত্রের পরীক্ষা ২৭শে জানুয়ারী ও গণিত ১০ম পত্রের পরীক্ষা ১৪ই ফেব্রুয়ারী অনুষ্ঠিত হইবে। ১৯৯৩ সালের বিএ অনার্স দর্শন বিষয়ের ৪র্থ পত্রের এবং ১৯৯২ সালের শেষ পর্ব এমএসসি গার্হস্থ্য অর্থনীতি ৪র্থ পত্রের পরীক্ষা ২০শে জানুয়ারী অনুষ্ঠিত হইবে। ১৯৯৩ সালের বি,এসসি অনার্স গার্হস্থ্য অর্থনীতি ১৪ই জানুয়ারী, ১৯৯৩ সালের এলএলবি প্রিলিমিনারী ৩য় পত্রের পরীক্ষা ১০ই ফেব্রুয়ারী অনুষ্ঠিত হইবে। এই সকল পরীক্ষার পূর্ব ঘোষিত সময়সূচীর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকিবে।

### কোর্স পদ্ধতির পরীক্ষা

হরতালের কারণে আজ ও আগামীকাল বার্ষিক কোর্স পদ্ধতির ১৯৯৩ সালের শেষ পর্ব মাষ্টার্স ডিগ্রী পরীক্ষার সময়সূচীতেও পরিবর্তন আনা হইয়াছে। পরিবর্তিত সময়সূচী অনুযায়ী বাংলা ও সমাজবিজ্ঞান ২৭শে জানুয়ারী, ইসলামের ইতিহাস (৩য়) ৩রা ফেব্রুয়ারী ও অর্থনীতি (৪১৩) ১৯শে জানুয়ারী অনুষ্ঠিত হইবে। সময় অপরাহ্ন দেড়টা হইতে সাড়ে ৫টা পর্যন্ত।